গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নং-১৪.০০.০০০০.০০১.১১.০০২.১৯-৬৮ তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮/ ০৭ মার্চ ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের রাজস্ব খাতভূক্ত নিম্নলিখিত শূন্য পদ পূরণের উদ্দেশ্যে ৫নং কলামে উল্লিখিত জেলার প্রার্থীগণের মধ্যে থেকে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে (http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | হিসাবরক্ষক<br>(গ্রেড-১২)<br>১১৩০০-২৭৩০০/- | ০১ (এক) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | (ক) ঢাকা বিভাগের মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(খ) চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী নাটোর, জয়পুর হাট, নওগাঁ, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঘ) রংপুর বিভাগের, লালমনিরহাট, পঞ্চগড় ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের নড়াইল, সাতক্ষীরা ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ব্যতীত অন্য সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সুনামগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>টাকা: ১১,০০০-২৬,৫৯০/- | ০৩ (তিন) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী-৭০ শব্দ, বাংলায়- ৪৫ শব্দ হতে হবে;<br>(ঙ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ; | (ক) ঢাকা বিভাগের মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(খ) চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী নাটোর, জয়পুর হাট, নওগাঁ, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঘ) রংপুর বিভাগের, লালমনিরহাট, পঞ্চগড় ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের নড়াইল, সাতক্ষীরা ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ব্যতীত অন্য সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সুনামগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>টাকা: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ; | (ক) ঢাকা বিভাগের মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী নাটোর, জয়পুর হাট, নওগাঁ, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঘ) রংপুর বিভাগের, লালমনিরহাট, পঞ্চগড় ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের নড়াইল, সাতক্ষীরা ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ব্যতীত অন্য সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সুনামগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪ | ক্যাশিয়ার<br>(গ্রেড- ১৪)<br>১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকেতে হবে। | (ক) ঢাকা বিভাগের মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(খ) চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী নাটোর, জয়পুর হাট, নওগাঁ, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঘ) রংপুর বিভাগের, লালমনিরহাট, পঞ্চগড় ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের নড়াইল, সাতক্ষীরা ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ব্যতীত অন্য সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সুনামগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৫ | অফিস সহাকরী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>টাকা: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দ; | ((ক) ঢাকা বিভাগের মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(খ) চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী ও নোয়াখালী ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী নাটোর, জয়পুর হাট, নওগাঁ, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঘ) রংপুর বিভাগের, লালমনিরহাট, পঞ্চগড় ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের নড়াইল, সাতক্ষীরা ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ব্যতীত অন্য সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সুনামগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>টাকা: ৮,২৫০-২০,০১০/- | ১৭<br>(সতের) | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | (ক) ঢাকা বিভাগের গোপালগঞ্জ, মাদারীপুর ব্যতীত অন্য সকল জেলা।<br>(খ) চট্রগ্রাম বিভাগের ফেনী, লক্ষীপুর ব্যতীত অন্য সকল জেলা।<br>(গ) রাজশাহী বিভাগের রাজশাহী, সিরাজগঞ্জ ব্যতীত অন্য সকল জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (ঘ) রংপুর বিভাগের গাইবান্ধা, নীলফামারী ব্যতীত অন্য সকল জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের কুষ্টিয়া, বাগেরহাট, ব্যতীত অন্য সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের সকল জেলা।<br>(ছ) সিলেট বিভাগের সকল জেলা<br>(জ) সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

০১। (ক) ০১/০২/২০২২ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
(খ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থী বলতে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী।

০২। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৪। পরীক্ষা গ্রহণ পদ্ধতি:
(ক) সকল পদের পরীক্ষার্থীদের জন্য প্রাথমিক বাছাইয়ের জন্য MCQ পদ্ধতিতে বাছাই করা হতে পারে।
(খ) হিসাবরক্ষক, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
(গ) কম্পিউটার অপারেটর পদের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজী, গণিত ও কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
(ঘ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের প্রার্থীদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে সাঁটলিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার Standard Aptitude Test-এ উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৫। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

০৬। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদনপত্র আর সংশোধন/এডিট করা যাবে না;

০৭। পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে তার প্রবেশপত্র download করে নিতে হবে;

০৮। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি পাওয়ার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বর সব সময় সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর সক্রিয় না থাকার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট <u>www.ptd.gov.bd</u> এ পাওয়া যাবে;

১০। **<u>অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ</u>**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <u>http://ptd.teletalk.com.bd</u> এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপঃ

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ: ১০-০৩-২০২২, সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: ০৯-০৪-২০২২ বিকাল ০৫.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **<u>SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u>** Online-এ আবেদনপত্র ( Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি *এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে* যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ক্রমিক নং-১ হতে ৫ এ বর্ণিত পদের জন্য *আবেদন ফি* বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৬ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি

প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **PTD**<space>**User ID** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **PTD ABCDEF** & send to 16222

Reply : Applicant's Name, Tk,112/56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **PTD Yes PIN** and send to 16222.

**দ্বিতীয় SMS:** **PTD**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **PTD Yes 12345678** & send to 16222

Reply : Congratulations Applicant`s Name, payment completed successfully for PTD Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) **প্রবেশপত্রঃ** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন)করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন। প্রবেশপত্র

i) User ID জানা থাকলে: **PTD**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222
Example: **PTD Help User ABCDEF** & send to 16222

ii) PIN Number জানা থাকলে: **PTD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222
Example: **PTD Help PIN 1234567** & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://ptd.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.quary@teletalk.com.bd বা anammopt@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। । (Mail এর subject-এ Organization Name: **PTD**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১১। প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে অপসারণ/বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। বিবিধ:

(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট www.ptd.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আমিনুল হক)
উপসচিব (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নিয়োগ কমিটি
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

নং-১৪.০০.০০০০.০০১.১১.০০২.১৯-৬৮ তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮/ ০৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন, বাংলাদেশ সচিবালয়।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। সিস্টেম এনালিস্ট, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (ওয়েব সাইটে ১০/০৩/২০২২ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে ০৯/০৪/২০২২ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)

০৭/০৩/২০২২
(মোঃ আমিনুল হক)
উপসচিব (প্রশাসন-১)